# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৫১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২. তৃতীয় অনুচ্ছেদ - সালাত নিষিদ্ধ সময়ের বিবরণ

## আরবী

وَعَن أَبِي ذَر قَالَ وَقَدْ صَعِدَ عَلَى دَرَجَةِ الْكَعْبَةِ: مَنْ عَرَفَنِي فَقَدْ عَرَفَنِي وَمَنْ لَمْ يَعْرِفْنِي فَأَنَا جُنْدُبٌ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا صَلَاةَ بَعْدَ الصُّبْحِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَلَا بَعْدَ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ إِلَّا بِمَكَّةَ إِلَّا بِمَكَّةَ إِلَّا بِمَكَّةَ» . رَوَاهُ أَحْمد ورزين

## বাংলা

১০৫১-[১৩] আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি কাবা ঘরের দরজার উপর উঠে বলেছেন, যিনি আমাকে জানেন তিনি তো জানেননি। আর যারা আমাকে জানেন না তারা জেনে রাখুক, আমি ’জুনদুব’। আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ফজরের (ফজরের) সালাত আদায় করার পর সূর্য উঠার পূর্ব পর্যন্ত এবং ’আসরের সালাতের পর সূর্যাস্তের আগ পর্যন্ত কোন সালাত (সালাত/নামায/নামাজ) নেই, একমাত্র মক্কায়, একমাত্র মক্কায়, একমাত্র মক্কায়। (আহমাদ, রযীন)[1]

## ফুটনোট

[1] সহীহ : আহমাদ ২১৪৬২, বায়হাক্বী ৪২০৭, সহীহাহ্ ৩৪১২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম যায়লা‘ঈ বলেনঃ আবূ যার (রাঃ) থেকে বর্ণিত এ হাদীসটি চারটি দোষে দোষীঃ

1. মুজাহিদ (রহঃ) ও আবূ যার (রাঃ)-এর মাঝে বিচ্ছিন্নতা, অর্থাৎ মুজাহিদ (রহঃ) আবূ যার (রাঃ) থেকে হাদীস শুনেননি।
2. এর সানাদের মাঝে মতভেদ রয়েছে।
3. রাবী ইবনু মুয়াম্মিল য‘ঈফ।

4. আফরার মাওলা হুমায়দ দুর্বল রাবী।

তবে ইবনু ‘আবদুল বার তামহীদ নামক গ্রন্থে বলেনঃ এ হাদীসটি যদিও শক্তিশালী নয় আফরার মাওলা হুমায়দ-এর দুর্বলতার কারণে এবং মুজাহিদ আবূ যার (রাঃ) থেকে হাদীস শুনেনি, তথাপি পূর্বের জুবায়র ইবনু মুত্‘ইম বর্ণিত (১০৫২) হাদীস এটিকে শক্তিশালী করে। তাছাড়া জমহূর ‘আলিমগণ এ হাদীসের বক্তব্য গ্রহণ করেছেন। অতএব হাদীসটি ‘আমলযোগ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55611

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন